# আলোচনার কেন্দ্রবিন্দুতে জাকসু নির্বাচন

**নোমান বিন হারুন, জাবি**
০৪ ফেব্রুয়ারি ২০২৫, ১২:০০ এএম




জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (জাকসু) নির্বাচন নিয়ে শিক্ষার্থীদের মধ্যে উত্তেজনা বাড়ছে। ১ ফেব্রুয়ারি তফসিল ঘোষণার কথা থাকলেও ছাত্রদল ও বামপন্থি ছাত্র সংগঠনগুলো নির্বাচনের আগে গঠনতন্ত্র সংস্কারের দাবি জানিয়েছে। অপরদিকে নির্ধারিত সময়ের মধ্যে তফসিল ঘোষণার দাবি জানিয়ে বিশ^বিদ্যালয় প্রশাসনকে ৪৮ ঘণ্টা সময় বেঁধে দিয়েছে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন, ছাত্রশিবির, ছাত্র অধিকার পরিষদসহ কয়েকটি সংগঠন।

জাবিতে সর্বশেষ জাকসু নির্বাচন হয়েছিল ১৯৯২ সালে। গত ৫ আগস্ট ছাত্র-জনতার অভ্যুত্থানের পর থেকে ছাত্র সংসদের দাবিতে বিভিন্ন আন্দোলন চলে আসছে। এরই ধারাবাহিকতায় গত ৩০ ডিসেম্বর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জাকসুর রোডম্যাপ ঘোষণা করে এবং নির্বাচন কমিশন গঠন করে। কমিশন ভোটারতালিকাও প্রস্তুত করে। সুষ্ঠুভাবে নির্বাচনের ব্যাপারে পরামর্শ নিতে গত ১৩ জানুয়ারি

অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করেন উপাচার্য। নির্বাচনের আগে প্রয়োজনীয় সংস্কারের জন্য ২১ জানুয়ারি ‘পরিবেশ পরিষদ’ গঠন করা হয়। পরিষদ ২৬ জানুয়ারি প্রত্যেক বিভাগ ও ইনস্টিটিউটের দুজন শিক্ষার্থী প্রতিনিধি এবং সব ক্রিয়াশীল শিক্ষার্থী সংগঠনগুলোর প্রতিনিধিদের সঙ্গে দুই দফায় মতবিনিময় করে।

তবে শাখা ছাত্রদল ও বামপন্থি ছাত্র সংগঠনগুলো নির্বাচনের আগে প্রশাসনের নিরপেক্ষতা নিশ্চিত করতে চায়। তারা আওয়ামী লীগপন্থি প্রশাসনের সদস্যদের অপসারণ, জুলাই আন্দোলনে হামলাকারীদের বিচার এবং আওয়ামী লীগের আমলে ছাত্রত্ব হারানো ছাত্রদলকর্মীদের পুনর্বহালের দাবি জানিয়েছে। ১ ফেব্রুয়ারি তারা প্রশাসনিক ভবনের সামনে অবস্থান নিলে প্রশাসন তফসিল ঘোষণা করতে ব্যর্থ হয়। ছাত্রদলের আহ্বায়ক জহির উদ্দিন বাবর বলেন, জাকসু কার্যকর করতে হলে নির্বাচনের আগেই সংস্কার প্রয়োজন। একই কথা বলেছেন ছাত্র ইউনিয়ন, ছাত্রফ্রন্টসহ বামপন্থি ছাত্র সংগঠনগুলোর নেতাকর্মীরা।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন, ছাত্রশিবির, সাংস্কৃতিক জোট, গণ-অভ্যুত্থান রক্ষা আন্দোলন, জুলাই গণহত্যা বিচার নিশ্চিত পরিষদসহ বেশ কিছু সংগঠন নির্ধারিত সময়েই তফসিল ঘোষণার দাবি জানিয়েছে। ‘জাকসুর পক্ষে জাহাঙ্গীরনগর’ নামে একটি প্ল্যাটফর্ম তৈরি করে তারা আন্দোলন চালিয়ে যাচ্ছে। যথাসময়ে তফসিল ঘোষণা না করায় প্রশাসনকে ২৪ ঘণ্টা সময় বেঁধে দিয়ে আসন্ন ভর্তি পরীক্ষা বন্ধের হুশিয়ারি দিয়েছেন তারা। সংগঠনগুলোর দাবি, সংস্কারের নামে নির্বাচন বানচালের চেষ্টা হচ্ছে। ছাত্রশিবিরের জাবি শাখার সভাপতি মহিবুর রহমান বলেন, জাকসু নির্বাচন সঠিক সময়ে হলে তা অন্যান্য বিশ্ববিদ্যালয়ের জন্য দৃষ্টান্ত হবে। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের জাবি শাখার সদস্যসচিব তৌহিদ সিয়াম বলেন, ছাত্র সংসদ বিশ^বিদ্যালয় সংস্কারেরই অংশ, নির্বাচন হলে সংস্কারের পথ আরও সহজ হবে।

ছাত্র সংগঠনগুলোর দ্বন্দ্ব নিরসনে গত শনিবার বিশ্ববিদ্যালয় প্রশাসন কোষাধ্যক্ষ অধ্যাপক আব্দুর রবকে আহ্বায়ক করে ১০ সদস্যের জাকসু গঠনতন্ত্র সংস্কার কমিশন গঠন করেছে। কমিশনকে চার কর্মদিবসের মধ্যে পরামর্শ দিতে বলা হয়েছে। উপাচার্য অধ্যাপক কামরুল আহসান বলেন, পরিস্থিতি বিবেচনায় আমরা গঠনতন্ত্র সংস্কারের জন্য কমিটি গঠন করেছি এবং ৬ ফেব্রুয়ারি তফসিল ঘোষণার তারিখ নির্ধারণ করব।